**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১৯৩

তারিখ ০৩ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০১৭ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩রা বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ (১৬ এপ্রিল ২০১৭) তারিখ রোজ রোববার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর মিলনায়তনে "বাংলা নববর্ষ ১৪২৪" উপলক্ষ্যে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন সভাপতিত্ব করেন।

বাংলা নববর্ষ ১৪২৪ পুনর্মিলনী অনুষ্ঠানে কমিশনের কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দ, উপ-পরিচালকবৃন্দ, সহকারী পরিচালকবৃন্দ, ব্যক্তিগত কর্মকর্তাসহ অন্যান্য সকল স্তরের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সঞ্চালক কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান উপস্থিত সকলকে "বাংলা নববর্ষ ১৪২৪" এর শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠান শুরু করেন। সার্বজনীন অনুষ্ঠান হিসেবে বাঙ্গালী জাতির অসাম্প্রদায়িক চেতনায় উজ্জীবিত বর্নিল নববর্ষ বাঙ্গালীর জীবনে নিরন্তর মঙ্গল বয়ে আনবে বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে কমিশনের সকল গ্রেডের কর্মচারীগণ নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন এবং নববর্ষের চেতনায় উদ্বুদ্ধ হয়ে নবরূপে তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালনে আরো মনোযোগী হওয়ার বিষয়টি পুনর্ব্যক্ত করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে কমিশনের নির্বাহী পরিচালক রুখসানা চৌধুরী "এসো হে বৈশাখ এসো এসো এসো---------" গানটি পরিবেশন করেন এবং সেখানে উপস্থিত সকলেই কোরাসে অংশগ্রহণ করেন।

কমিশনে প্রথমবারের মত বাংলা নববর্ষ উদ্‌যাপনের আয়োজন করা হলেও আগত বৎসরগুলোতে এ অনুষ্ঠান অব্যাহত থাকবে। এ ধরনের সম্মিলনের মাধ্যমে সকল ভেদাভেদ ভুলে কর্মচারীরা নবউদ্যমে পুঁজিবাজারের উন্নয়নে যথাযথ ভূমিকা রাখবে বলে অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা আশা প্রকাশ করেন। বাংলা নববর্ষের গুরুত্ব ও তাৎপর্য উল্লেখপূর্বক বক্তারা পুরাতন বছরের জীর্নতা পরিহার করে পুঁজি বাজারকে নতুন মানে উন্নীত করার সংকল্প ব্যক্ত করেন।

০৩ বৈশাখ ১৪২৪

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


বর্ষবরণ
১৪২৪
সবাইকে বাংলা
নববর্ষের শুভেচ্ছা

